

# এসএসসি (ভোকেশনাল) পরীক্ষায় প্রক্রিয়া দিতে এসে দুই শিক্ষার্থী আটক

প্রতিনিধি, শ্রীপুর (গাজীপুর)

: বুধবার, ০৭ মে ২০২৫

গাজীপুরের শ্রীপুরে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট এসএসসি (ভোকেশনাল) পরীক্ষায় প্রক্রিয়া দেয়ার অভিযোগে দুই শিক্ষার্থীকে আটক করেছে পুলিশ। আটককৃত দুই শিক্ষার্থীর বিরুদ্ধে আইন অনুযায়ী মামলা দায়ের করা হয়েছে। গতকাল মঙ্গলবার দুপুরে শ্রীপুর পাইলট বালিকা উচ্চ বিদ্যালয় পরিষ্কা কেন্দ্রে এ ঘটনা ঘটে। শ্রীপুর উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সাইফুল ইসলাম বিষয়টি নিশ্চিত করেছেন।

আটককৃতরা শিক্ষার্থীরা হলেন শ্রীপুর পৌরসভার লোহাগাছ এলাকার শামসুল আলমের ছেলে জুনায়েদ আহমেদ সাগর (২২) এবং কেওয়া এলাকার আবুল কাশেমের ছেলে মামুন (২১)। তাদের মধ্যে জুনায়েদ আদর্শ কারিগরি স্কুল এন্ড কমার্শিয়াল ইনসিটিউটের পরিষ্কার্থী রানা মোল্লার পরিবর্তে পরীক্ষা দিচ্ছিলেন। মামুন একই প্রতিষ্ঠানের পরিষ্কার্থী হাইয়ুল ইসলাম শাহজাহানের পরিবর্তে পরীক্ষা দিচ্ছিলেন।

অভিযুক্ত ভুয়া পরীক্ষার্থী মামুন বলেন, পারিবারিকভাবে অর্থ সংকটে আছি। পরস্পর পরিচয়ের মাধ্যমে নগদ ৫ হাজার টাকা পেয়ে পরীক্ষায় প্রক্রিয়া দিতে অংশ নেই। পরিষ্কা শেষে আরও কিছু টাকা দেয়ার কথা ছিলো। আজ পর্যন্ত ৮টি পরীক্ষা দিয়েছি।

অভিযুক্ত পরীক্ষার্থী জুনায়েদ আহমেদ সাগর বলেন, টাকার বিনিময়ে চুক্তিতে রানা মোল্লার পরিবর্তে এসএসসি (ভোকেশনাল) পরীক্ষায় অংশ নিয়েছি। অগ্রীম ৫ হাজার টাকা দিয়েছে। পরিষ্কা শেষ হলে আরও কিছু টাকা পাবো।

শ্রীপুর পাইলট বালিকা উচ্চ বিদ্যালয়ের এসএসসি (ভোকেশনাল) পরিষ্কা কেন্দ্রের কেন্দ্র সচিব শাহানা পারভীন বলেন, পরীক্ষা চলাকালীন সময়ে দুই

শিক্ষার্থীকে আমরা শনাক্ত করতে পেরেছি। ক্ষেন করে তাদের ছবি রেজিস্ট্রেশন এবং প্রবেশ পত্রে বসিয়ে দেয়ায় তাদের দুই জনকে সহজে ভুয়া পরীক্ষার্থী বলে শনাক্ত করতে পারিনি। কক্ষ পরিদর্শকের বিচক্ষণতায় তাদের চিহ্নিত করতে সক্ষম হয়েছি।

শ্রীপুর উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সাইফুল ইসলাম বলেন, চলমান এসএসসি (ভোকেশনাল) ট্রেড-২ বিষয়ের পরীক্ষা চলছিলো। পরীক্ষা চলাকালীন সময়ে গোপন তথ্যের মাধ্যমে কেন্দ্র পরিদর্শক অনুসন্ধান করে দুই জন ভুয়া পরিক্ষার্থী চিহ্নিত করে।

বিষয়টি জানার সঙ্গে সঙ্গে আমি কেন্দ্রে উপস্থিত হয়ে অভিযুক্তদের বিরুদ্ধে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা নেয়া হয়েছে।

শ্রীপুর থানার ওসি জয়নাল আবেদীন মন্ডল বলেন, প্রক্রিং দেয়ার অভিযোগে দুই শিক্ষার্থীর বিরুদ্ধে মামলা দায়ের হয়েছে।